



জিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি

রাউতাইল, জিনাইদহ

ফোনঃ ০২৪৭৭৭৪৭০১৬, ই-মেইলঃ jhenaidah_pbs@yahoo.com,

ওয়েবসাইটঃ www.pbs.jhenaidah.gov.bd



স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০১.০৩৮.২২. ৪৬৪৩

তারিখঃ ০৭ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ
২৩ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে “গ্রাহক নথি” সরবরাহের পুনঃ দরপত্র আহ্বান প্রসঙ্গে।

জিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত স্পেসিফিকেশন ও শর্ত অনুযায়ী “গ্রাহক নথি” সরবরাহের জন্য বাংলাদেশী প্রকৃত ব্যবসায়ী/ উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র (RFQ) আহ্বান করা যাচ্ছে।

দরপত্র নং	ক্রঃ নং	মালামালের বিবরণ	একক	পরিমাণ	উদ্ধৃত মূল্য (টাকা)	
					একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
আরএফকিউ নং- ১৫/২০২২-২০২৩	০১	গ্রাহক নথিঃ (আবাসিক/বাণিজ্যিক/শিল্প/সেচ /অন্যান্য) সাইজঃ ১৩.৭৫ ইঞ্চি x ৯.৭৫ ইঞ্চি, ১৭০ গ্রাম পেপার ভিন্ন ভিন্ন রং এবং নীচে ১২ আউন্স বোর্ড দ্বারা তৈরী। (নমুনা মোতাবেক)।	টি	৩০০০০ (ত্রিশ হাজার)		
সর্বমোট =						

কথায়ঃ-----

শর্তাবলী :

- ০১) দরপত্র আগামী ৩০/১০/২০২২ খ্রিঃ তারিখ (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্য: প: (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ও (খ) জেনারেল ম্যানেজার, জিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, জিনাইদহ-এ রক্ষিত টেন্ডারবক্সে দাখিল করতে হবে। দরপত্র সমূহ একই দিন অর্থাৎ ৩০/১০/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১:০৫ ঘটিকার সময় উল্লেখিত স্থান সমূহে উপস্থিত দরদাতাগণের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০২) দরপত্রের বিপরীতে দরদাতা প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেডপ্যাডে মুখবন্ধ খামে দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), সর্বশেষ আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্র, ভ্যাট নিবন্ধন সনদ ও ব্যাংক সলভেন্সি সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৩) খামের উপর **গ্রাহক নথি সরবরাহের পুনঃ কোটেশন** শব্দটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করে দরপত্র দাখিল করতে হবে।
- ০৪) দরপত্রের উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ওভার রাইটিং/ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। দরপত্র সঠিকভাবে পূরণ করত: প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।
- ০৫) মালামাল অবশ্যই নির্ধারিত মানের নমুনা অনুযায়ী সরবরাহ করতে হবে। মালামালের সঠিক নমুনা/বিবরণ সমিতি কর্তৃপক্ষের নিকট হতে জেনে/দেখে দর উদ্ধৃত করা যেতে পারে। যদি কোন দরদাতা নমুনা না দেখে দর দাখিল করেন সেক্ষেত্রে সংশ্লিষ্ট দরদাতা কার্যাদেশ প্রাপ্ত হলে সমিতিতে সংরক্ষিত নমুনা অনুযায়ী মালামাল সরবরাহ করতে বাধ্য থাকবেন।
- ০৬) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের মালামাল সরবরাহের পর সমিতির প্রতিনিধি কর্তৃক পরিদর্শন পূর্বক প্রত্যয়ন সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।
- ০৭) মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে সরকারী সর্বশেষ নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

চলমান পাতা ০২

- ০৮) কার্যাদেশ প্রাপ্তির ২৫ (পঁচিশ) দিনের মধ্যে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে মালামাল সমূহ নিজ দায়িত্বে ও নিজ খরচে অত্র সমিতির সদর দপ্তরে পৌঁছাতে হবে।
- ০৯) যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে বিলম্ব মাশুল কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।
- ১০) দরপত্র সম্পর্কে কারোও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন আগে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।
- ১১) ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতীতই যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১২) দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখিত নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১৩) আগ্রহী দরদাতা প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তি ঝিনাইদহ পবিসের ওয়েব সাইটে pbs.jhenaidah.gov.bd দেখতে পারবেন।

স্বঃ/-
(মোঃ ইছাহাক আলী)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

- ০১) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২) জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ০৩) পুলিশ সুপার, ঝিনাইদহ।
- ০৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবোর্ড, যশোর জোন, যশোর।
- ০৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৭) মেয়র, পৌরসভা কার্যালয়, ঝিনাইদহ।
- ০৮) নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, ঝিনাইদহ।
- ০৯) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ/গণপূর্ত, ঝিনাইদহ।
- ১০) উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ।
- ১১) ডিজিএম, হরিণাকুন্ডু/কালীগঞ্জ/ শৈলকুপা/ মহেশপুর/ সদর-কারিগরি, ঝিনাইদহ পবিস।
- ১২) এজিএম (ওএডএম), কোটচাঁদপুর/ হাটফাজিলপুর/ বারোবাজার সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
- ১৩) এজিএম (অর্থ), ঝিনাইদহ পবিস।
- ১৪) এজিএম (আইটি), ঝিনাইদহ পবিস-বিজ্ঞপ্তি সমিতির ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ।
- ১৫) মেসার্স-----।
- ১৬) নোটিশ বোর্ড, ঝিনাইদহ পবিস।
- ১৭) দাপ্তরিক নথি।

ইছাহাক আলী
২৩/১০/২০
(মোঃ ইছাহাক আলী)
জেনারেল ম্যানেজার